

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৬২

আগরতলা, ৪ মার্চ, ২০২৪

বিধানসভা সংবাদ

২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত  
বাজেটের উপর সাধারণ আলোচনা শুরু

২০২৪-২৫ অর্থবছরের জন্য বিধানসভায় পেশ করা প্রস্তাবিত বাজেটের উপর সাধারণ আলোচনা আজ শুরু হয়েছে। গত ১ মার্চ বিধানসভায় অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় ২০২৪-২৫ অর্থবছরের জন্য মোট ২৭,৮০৪.৬৭ কোটি টাকার বাজেট পেশ করেন। আজ বিধানসভা অধিবেশনের দ্বিতীয়ার্ধে সাধারণ আলোচনার সূচনা করেন বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মা। আলোচনা করতে গিয়ে তিনি বলেন, প্রস্তাবিত বাজেটে রাজ্যের উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদি কোনও পরিকল্পনা নেই।

সাধারণ আলোচনায় ট্রেজারি বেঞ্চ ও বিরোধী দলের ১০ জন বিধায়ক আজ অংশ নেন। ট্রেজারি বেঞ্চের বিধায়কগণ প্রস্তাবিত বাজেটকে সমর্থন করে বক্তব্য রাখেন। আজ আলোচনায় অংশ নেন ট্রেজারি বেঞ্চের বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক শম্ভুলাল চাকমা, বিধায়ক অন্তরা সরকার দেব, বিধায়ক মাইলাফু মগ। তাছাড়া সাধারণ আলোচনায় অংশ নেন বিধায়ক পাঠানলাল জমাতিয়া ও বিধায়ক রঞ্জিত দেববর্মা। প্রস্তাবিত বাজেটের বিরোধিতা করে বক্তব্য রাখেন বিধায়ক জিতেন্দ্র চৌধুরী, বিধায়ক দীপঙ্কর সেন ও বিধায়ক অশোক মিত্র।

\*\*\*\*\*